# নতুন প্রধানমন্ত্রীর প্রজ্ঞাপন জারি, বিলুপ্ত অন্তর্বর্তী সরকার




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ আর কার্যকর নেই বলে জানিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। নতুন সরকার গঠনের প্রক্রিয়া শুরু হওয়ায় এ পরিবর্তন কার্যকর হয়েছে।

মঙ্গলবার জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন পাওয়ায় রাষ্ট্রপতি তারেক রহমানকে প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দিয়েছেন। তাঁর নেতৃত্বে সরকার গঠনেরও অনুমোদন দেওয়া হয়েছে।

নতুন মন্ত্রিসভা দায়িত্ব নেওয়ার সঙ্গে সঙ্গে বিদ্যমান অন্তর্বর্তী উপদেষ্টা পরিষদ বিলুপ্ত হিসেবে গণ্য হবে। এ বিষয়ে গেজেটও প্রকাশ করা হয়েছে।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী মঙ্গলবার, ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে রাষ্ট্রপতি তারেক রহমানকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দেন।

LENS ASIA

রাষ্ট্রপতির আদেশক্রমে এ প্রজ্ঞাপনে স্বাক্ষর করেছেন মন্ত্রিপরিষদ সচিব।